রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৮, ২০২৫

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২/২০ নভেম্বর ২০২৫

নং **১৪০৩(১-১৩)/২০২৫ এসসি (এডি)**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিজ্ঞপ্তি নং-৪৮/২০২৫ এসসি (এডি) তারিখ: ১৮-১১-২০২৫ খ্রিঃ মূলে প্রচারিত ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ পারভেজ মিয়া এর বেঞ্চ রীডার পদে পদোন্নতি মূলে নিয়োগ আদেশ এর সংশ্লিষ্ট অংশ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের স্মারক নং-১৩৯৫/২০২৫ এসসি (এডি) তারিখ: ২০-১১-২০২৫ খ্রিঃ মূলে প্রচারিত জনাব মোঃ পারভেজ মিয়া এর যোগদানপত্র গ্রহণ আদেশ এর সংশ্লিষ্ট অংশ এতদ্বারা বাতিল করা হলো। একই সাথে জনাব মোঃ পারভেজ মিয়া-কে তার পূর্বপদে তথা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা পদে প্রত্যর্পণ করা হলো।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা জনাব এফরান আহম্মদ সাকিল-কে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৮ম গ্রেড ২৩০০০—৫৫৪৭০/- টাকার স্কেলে আপীল বিভাগের বেঞ্চ রীডার-এর ০১টি শূন্যপদে পদোন্নতিপূর্বক যোগদানের তারিখ হতে অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনাব এফরান আহম্মদ সাকিল এর নিয়োগ আদেশ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারি করা হলো।

মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের আদেশক্রমে

**শেখ মোহাঃ আমীনুল ইসলাম**
অতিরিক্ত রেজিস্ট্রার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন অনুযায়ী ভূমি অধিগ্রহণ কেস নং-০৯/২০২১-২২**
**ফরম 'ঘ'**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
[১৩(২) ধারা মোতাবেক)]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত ভূমি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইনের ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

| জেলা | উপজেলা | মৌজা এবং জে.এল নং | আর.এস খতিয়ান | আর.এস দাগ নং | শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|
| মানিকগঞ্জ | সিংগাইর | ১৩৩ নং চাঁদহার | ০১ | ২০৩৬ | নাল | ০.৪১০০ | ০.০১৫০ |
| | | | ০১ | ২০২৫ | রাস্তা | ১.৭২০০ | ১.২৯০০ |
| | | | ৭৪১ | ১৯৮৫ | নাল | ০.২৫০০ | ০.০৩২৫ |
| | | | ১৯১ | ১৯৮৬ | বাড়ি | ০.৪৭০০ | ০.০৭০০ |
| | | | ৩৬৩ | ১৯৮৭ | নাল | ০.৫০০০ | ০.০৬৫০ |
| | | | ৪৭৪ | ১৯৮৮ | নাল | ০.৬১০০ | ০.০৭৫০ |
| | | | ৩৪৫ | ২০০৩ | নাল | ০.৯২০০ | ০.১২৫০ |
| | | | ৪৩৫ | ২০০৪ | নাল | ০.৩৪০০ | ০.০৩২৫ |
| | | | ৫৪৩ | ২০০৫ | নাল | ০.২৪০০ | ০.০৪২৫ |
| | | | | ২০০৮ | নাল | ০.৪৮০০ | ০.০৭৫০ |
| | | | ৬৩৫ | ২০০৯ | নাল | ১.৪১০০ | ০.৭৮৫০ |
| | | | ৫৮৪ | ২০১০ | নাল | ০.৩২০০ | ০.২২৫০ |
| | | | ২৭৫ | ২০১১ | নাল | ০.৯০০০ | ০.৫৩০০ |
| | | | ২৯২ | ২০১৩ | নাল | ০.০৭০০ | ০.০৭০০ |
| | | | | ২০১৪ | নাল | ০.১১০০ | ০.১১০০ |
| | | | ৬৫ | ২০১৫ | নাল | ০.১৩০০ | ০.১৩০০ |
| | | | ৬৬ | ২০১৬ | নাল | ০.১০০০ | ০.১০০০ |
| | | | ২৪২ | ২০১৭ | নাল | ০.১৫০০ | ০.১৪০০ |
| | | | ২৪২ | ২০১৮ | নাল | ০.২৩০০ | ০.১৭৫০ |
| | | | ১৪০ | ২০৩৩ | নাল | ১.৬৩০০ | ০.১০৫০ |
| | | | ৭৪৪ | ২০৩৪ | নাল | ০.৩৮০০ | ০.০৭৫০ |
| | | | ১৫০ | ২০৩৭ | নাল | ০.৫৫০০ | ০.০৯০০ |
| | | | ৬২ | ২০৪৩ | নাল | ০.৩০০০ | ০.০৫০০ |
| | | | ৫৭২ | ২০৪৪ | নাল | ০.৬৪০০ | ০.০৪৫০ |
| | | | ৪০৫ | ২০৪৫ | নাল | ০.৯১০০ | ০.১৩৫০ |
| | | | ৮৩ | ২০৪৬ | নাল | ০.৩১০০ | ০.০৫০০ |
| | | | ৭৬৬ | ২০৪৭ | নাল | ০.৩০০০ | ০.১৬০০ |
| | | | ৪৭৪ | ২০৪৮ | নাল | ০.৫০০০ | ০.৪৬২৫ |
| | | | ৮২৫ | ২০৬১ | নাল | ০.৫২০০ | ০.০১৫০ |
| | | | ৯১৪ | ২০৬২ | নাল | ০.৯৮০০ | ০.৯৫০০ |
| | | | ৪৭৪ | ২০৬৩ | নাল | ০.০৩০০ | ০.০৩০০ |
| | | | ৩১৭ | ২০৬৪ | নাল | ০.৫০০০ | ০.৫০০০ |
| | | | ২৭৯ | ২০৬৫ | নাল | ০.২৬০০ | ০.১০৫০ |
| | | | ২৫৬ | ২০৬৭ | নাল | ০.৪৯০০ | ০.০৩০০ |

| জেলা | উপজেলা | মৌজা এবং জে.এল নং | আর.এস খতিয়ান | আর.এস দাগ নং | শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|---|
| মানিকগঞ্জ | সিংগাইর | ১৩২ নং মাধবপুর | ০১ | ৭২৪ | হাট | ০.৫৭০০ | ০.০৬৯০ |
| | | | ০১ | ৭৭৩ | হালট | ০.১৭০০ | ০.২০০০ |
| | | | ০১ | ৭৫০ | ভিটি | ০.০১০০ | ০.০০৫৬ |
| | | | ১৫৭ | ৭৫১ | ভিটি | ০.০১০০ | ০.০০৭০ |
| | | | ১৫৭ | ৭৫২ | দোকান | ০.০১০০ | ০.০০৩৮ |
| | | | ৭২ | ৭৫৩ | দোকান | ০.০১০০ | ০.০০৩৮ |
| | | | ৪২৬ | ৭৫৫ | দোকান | ০.০১০০ | ০.০০৫৫ |
| | | | ৪২৬ | ৭৫৬ | দোকান | ০.০১০০ | ০.০০৬০ |
| | | | ২৮২ | ৭৫৭ | দোকান | ০.০১০০ | ০.০০৬০ |
| | | | ৪৭১ | ৭৫৮ | দোকান | ০.০১০০ | ০.০০৫০ |
| | | | ০৬ | ৭৬৬ | দোকান | ০.০১০০ | ০.০০২২৫ |
| | | | ১৭৪ | ৭৮৯ | বাড়ি | ০.৪০০০ | ০.০০৪৬২৫ |
| | | | ১৮৪ | ৭৬৭ | দোকান | ০.০১০০ | ০.০০৫৩ |
| | | | ২১০ | ৭৬৮ | দোকান | ০.০১০০ | ০.০০৪০ |
| | | | ৪৮৬ | ৭৬৯ | ভিটি | ০.০১০০ | ০.০০৫০ |
| | | | ৩৫৬ | ৭৮৭ | বাড়ি | ০.৪২০০ | ০.০৯০০ |
| | | | ১৭৪ | ৭৮৯ | বাড়ি | ০.৪০০০ | ০.০২১৩৭৫ |
| | | | ০৬ | ৭৬৬ | দোকান | ০.০১০০ | ০.০০২২৫০ |
| | | | ৪৯১ | ৭৮৯ | বাড়ি | ০.৪০০০ | ০.০২৬০ |
| | | | ০১ | ৭৯০ | বাড়ি | ০.০১০০ | ০.০০৫০ |
| | | | ০১ | ৭৯১ | দোকান | ০.০১০০ | ০.০০৬০ |
| | | | ৬৫ | ৭৯২ | ভিটি | ০.০৩০০ | ০.০১৫০ |
| | | | ৩৮৪ | ৭৯৩ | বাড়ি | ০.০১০০ | ০.০০৭০ |
| | | | ৪৬৯ | ৭৯৪ | দোকান | ০.০১০০ | ০.০০৬৫০ |
| | | | ৪৬৯ | ৭৯৫ | দোকান | ০.০১০০ | ০.০০৫০ |
| | | | ২৭৭ | ৭৯৬ | বাড়ি | ০.০২০০ | ০.০১৫০ |
| | | | ২৩৭ | ৭৯৭ | দোকান | ০.০১০০ | ০.০০৮০ |
| | | | | | | **সর্বমোট** | **৭.৪৩০০** |

**মোহাম্মাদ আলী**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং ০২/২০২২-২৩**
**অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম বাতিল ঘোষণা**

যেহেতু নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি " মৌচোষা বিওপিকে শূন্য লাইনের নিকটবর্তী স্থানে স্থাপন" শীর্ষক প্রকল্পে অধিগ্রহণের লক্ষ্যে ধার্যকৃত ক্ষতিপূরণের অর্থ প্রদানের জন্য ১৫ এপ্রিল ২০২৫ তারিখে ০৫.৫৫.২৭০০.০১৪.০৪.২৩৫.২১-৯৭ নং স্মারকে প্রত্যাশী সংস্থা বরাবর প্রাক্কলন প্রেরণ করা হয়;

এবং যেহেতু স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৮(৪) ধারা মোতাবেক প্রাক্কলন প্রাপ্তির ১২০ (একশত বিশ) কার্য দিবসের মধ্যে ক্ষতিপূরণ মঞ্জুরির অর্থ নির্ধারিত পদ্ধতিতে প্রদান করার জন্য বলা হয়;

এবং যেহেতু ১৫ এপ্রিল ২০২৫ তারিখ হতে ১৩ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত প্রাক্কলন প্রেরণের ১২০ (একশত বিশ) কার্য দিবস অতিবাহিত হয়েছে এবং প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রাক্কলিত অর্থ জমা প্রদান করা হয়নি এবং এর জন্য উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ি নন;

এবং যেহেতু বর্ণিত আইনের ১৪ (১) ধারা মোতাবেক উল্লিখিত সময়সীমার মধ্যে প্রাক্কলিত অর্থ জমা প্রদান না করলে উক্ত মেয়াদান্তে অধিগ্রহণের যাবতীয় কার্যক্রম বাতিল হবে মর্মে নির্দেশনা রয়েছে;

সেহেতু, এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৪ (১) ধারা অনুসারে আমি ঘোষণা করছি যে ১৮ নভেম্বর ২০২৫ তারিখ হতে ০২/২০২২-২৩ নং এল এ কেসের নিম্নোক্ত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ সংক্রান্ত কার্যধারা বাতিল করা হলো।

**তফসিল**

জেলা: দিনাজপুর, উপজেলা: বিরল, মৌজা: মৌচোষা, জে.এল নম্বর: ১১৭

| খতিয়ান নং (এস. এ) | দাগ নং (এস. এ) | শ্রেণি (এস. এ) | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ৮২ | ১২৪ | ডাঙ্গা | ০.২৩ | ০.০১৩০ |
| ৮২ | ১৩৩ | ডাঙ্গা | ০.১২ | ০.০২১০ |
| ৪৮ | ১৩৭ | দলা | ০.৭৪ | ০.১৭৪০ |
| ১৬ | ১৩৫ | ডাঙ্গা | ০.১৪ | ০.১০৫০ |
| ৪৫ | ১২৯ | পুকুর পাড় | ০.৩০ | ০.০৪৩০ |
| ১২৪ | ১৩৪ | পুকুর | ০.২৪ | ০.১৯৪০ |
| ৪৪ | ১৩৮ | ডাঙ্গা | ১.৩১ | ০.৪৫০০ |
| | | | **মোট =** | **১.০০০০ একর** |

মোট = ০৭ টি দাগে ১.০০ একর মাত্র।

**মোঃ রফিকুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 10-NOV-25

**নং আরজেএসসি/ডি, এন/17235**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, G.Q. Technologies Ltd. [C-32005] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Jadhob Kumar Poddar**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ: 24-NOV-25

**নং আরজেএসসি/ডি, এন/17254**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Topstar Sports Wer Ltd. [C-46533] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Md. Rafiqul Islam**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

**জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা**
**ভূমি অধিগ্রহণ শাখা-০৩**
**অধিগ্রহণ মামলা নং-০৩.১৫.০৫/২০২২-২৩**
**ফরম 'ঘ'**

**'ঘোষণাপত্র'**

যেহেতু এই মর্মে নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি সড়ক ও জনপথ অধিদপ্তর এর আওতাধীন 'পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে হাতিরঝিল-রামপুরা সেতু বনশ্রী-শেখের জায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চার লেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প' এর জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১(২) নং ধারা অনুসারে তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ১৩(২) নং ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং এটি সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

১। মৌজা: মেরাদিয়া, জে. এল নং-২২, থানা: সবুজবাগ, জেলা: ঢাকা।

| সিটি দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩০১১ | ০.০২২০ |
| ৩৪০১ | ০.৩৩০৫ |
| **মোট** | **০.৩৫২৫ একর** |

২। মৌজা: নন্দীপাড়া, জে. এল নং-০৫, থানা: সবুজবাগ, জেলা: ঢাকা।

| সিটি দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ছুট (অংশ) | ০.০০৫৮ |
| ৪ (অংশ) | ০.০১৪২ |
| ৫ (অংশ) | ০.১৩১০ |
| ৬ (অংশ) | ০.১৭১১ |
| ৭ (অংশ) | ০.০০০৬ |
| ৮ (অংশ) | ০.০২০৩ |
| ৯ (অংশ) | ০.০০৮৯ |
| ৪৮০১ (অংশ) | ০.১৩৭৮ |
| ৪৮০২ (অংশ) | ০.০২১২ |
| ৪৮০৪ (অংশ) | ০.০০০৪ |
| ৪৮০৫ (অংশ) | ০.১৫৫২ |
| ৪৮০৭ (অংশ) | ০.০২৮৬ |
| ৪৮০৮ (অংশ) | ০.০৪৪০ |
| ৪৮০৯ (অংশ) | ০.০৪৮৪ |
| ৪৮১০ (অংশ) | ০.০১৮৯ |
| ৪৮১১ (অংশ) | ০.০১৪১ |
| ৪৮১২ (অংশ) | ০.০০২১ |
| ৪৮১৩ (অংশ) | ০.০১১০ |
| ৪৮৩৯ (অংশ) | ০.০০১৫ |
| ৪৮৪০ (অংশ) | ০.০৭৮০ |
| ৪৮৪১ (অংশ) | ০.০৬৬৭ |
| ৪৮৪২ (অংশ) | ০.০৬৩৪ |
| ৪৮৪৩ (অংশ) | ০.০০৭২ |
| ৪৮৫৮ (অংশ) | ০.০০৪২ |
| ৪৮৫৯ (অংশ) | ০.১১৬৩ |
| ৪৮৬০ (অংশ) | ০.০০২৮ |
| ৪৮৮৩ (অংশ) | ০.০২৩২ |
| ৪৮৮৪ (অংশ) | ০.০৫০১ |
| ৪৮৮৫ (অংশ) | ০.০১৪৮ |
| ৪৮৮৬ (অংশ) | ০.০৩৭৪ |
| ৪৯০৪ (অংশ) | ০.০০৬৫ |
| ৪৯০৫ (অংশ) | ০.০৩৫৮ |
| ৪৯০৬ (অংশ) | ০.০১২১ |
| ৮২২৩ (অংশ) | ০.০০২৮ |
| ৮২২৪ (অংশ) | ০.০১৬৭ |
| ৮২২৫ (অংশ) | ০.০০৫৮ |
| ৮২২৬ (অংশ) | ০.০১৫৯ |
| ৮২৩৯ (অংশ) | ০.০০৮৪ |
| ৮২৪০ (অংশ) | ০.০১৪০ |
| ৮২৪৫ (অংশ) | ০.০০৯৪ |
| ৮২৪৬ (অংশ) | ০.০১৩৯ |
| ৮২৫৬ (অংশ) | ০.০২২৬ |
| ৮২৫৮ (অংশ) | ০.০১৪১ |
| ৮২৫৯ (অংশ) | ০.০০৬৩ |
| ৮২৬০ (অংশ) | ০.০১৭২ |
| ৮৪২৫ (অংশ) | ০.০০০৪ |
| ৮৭৭৬ (অংশ) | ০.০৩১৪ |
| ৮৭৭৮ (অংশ) | ০.০৪৫৭ |
| ৮৭৭৯ (অংশ) | ০.০১৫৯ |
| ৮৭৮৭ (অংশ) | ০.০২৭৭ |
| ৮৭৮৮ (অংশ) | ০.০৩২৩ |
| ৮৭৮৯ (অংশ) | ০.০২৫৮ |
| ৮৭৯১ (অংশ) | ০.০৫১১ |
| ১০১৬০ (অংশ) | ০.০০৭৮ |
| ১০১৬১ (অংশ) | ০.০০৬২ |
| ১০১৬৯ (অংশ) | ০.০০৩৬ |
| ১০১৭১ (অংশ) | ০.০০৭৩ |
| ১০১৯১ (অংশ) | ০.০৪৮৬ |
| ১০১৯৩ (অংশ) | ০.০৫৪৭ |
| ১০১৯৪ (অংশ) | ০.০৪০০ |

| সিটি দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ১০১৯৫ (অংশ) | ০.০৭৩১ |
| ১০১৯৭ (অংশ) | ০.০৭৯৬ |
| ১০২২৩ (অংশ) | ০.০৪২৪ |
| ১০২৩৩ (অংশ) | ০.১৭৮৫ |
| ১০২৩৪ (অংশ) | ০.০৫৫৫ |
| ১০২৫৬ (অংশ) | ০.০০০৫ |
| ১০২৫৭ (অংশ) | ০.০১৯৬ |
| ১০২৫৮ (অংশ) | ০.০২৯৪ |
| ১০২৫৯ (অংশ) | ০.০২৩৫ |
| ১০২৭৩ (অংশ) | ০.০৩৫৩ |
| ১০২৭৪ (অংশ) | ০.০৪৯০ |
| ১০২৭৫ (অংশ) | ০.০০৪০ |
| ১০২৭৬ (অংশ) | ০.০৪৩২ |
| ১০৬৩১ (অংশ) | ০.০১১৩ |
| ১০৬৩২ (অংশ) | ০.০১৫৩ |
| ১০৬৩৬ (অংশ) | ০.০০০৩ |
| ১৩১০১ (অংশ) | ০.০০১৫ |
| ১৩১০৩ (অংশ) | ০.০০২১ |
| ১৩১১০ (অংশ) | ০.০৩১৪ |
| ১৩১১১ (অংশ) | ০.০০৭৩ |
| ১৩১৯১ (অংশ) | ০.০৩৪২ |
| ১৩১৯৩ (অংশ) | ০.০৬৭৫ |
| ১৩১৯৪ (অংশ) | ০.১২০২ |
| ১৩২০৪ (অংশ) | ০.০৩৬১ |
| ১৩২০৫ (অংশ) | ০.০১১৪ |
| ১৩২০৬ (অংশ) | ০.০৬৩১ |
| ১৩২০৭ (অংশ) | ০.০১৩৮ |
| ১৩২০৯ (অংশ) | ০.০০৭৭ |
| ১৩২১১ (অংশ) | ০.০২৩৮ |
| ১৩২১২ (অংশ) | ০.০০২৩ |
| ১৩২১৩ (অংশ) | ০.০০১৪ |
| ১৩২১৮ (অংশ) | ০.০০৬৮ |
| ১৩২৪০ (অংশ) | ০.০১০০ |
| ১৩২৪৩ (অংশ) | ০.০০১৭ |
| ১৩২৪৪ (অংশ) | ০.০০১৩ |
| ১৩২৪৫ (অংশ) | ০.০০৪৮ |
| ১৩২৫১ (অংশ) | ০.০১৫৭ |
| ১৩২৫৬ (অংশ) | ০.০০৩০ |
| ১৩২৫৭ (অংশ) | ০.০১৪৬ |
| ১৩২৬০ (অংশ) | ০.০০০৮ |
| ১৩২৬১ (অংশ) | ০.০০০৫ |
| ১২৭৩২ (অংশ) | ০.০০১২ |
| ১২৭৩৩ (অংশ) | ০.০১৪৯ |
| ১২৭৩৪ (অংশ) | ০.০১৩১ |
| ১২৭৩৫ (অংশ) | ০.০১৯৬ |
| ১২৭৩৬ (অংশ) | ০.০৩৪৫ |
| ১২৭৪১ (অংশ) | ০.০০০৪ |
| ১২৭৪২ (অংশ) | ০.০৪০৩ |
| ১২৭৫০ (অংশ) | ০.০০০৬ |
| ১২৭৫৮ (অংশ) | ০.০১৩১ |
| ১২৭৫৯ (অংশ) | ০.০৩৮৫ |
| ১২৭৮৮ (অংশ) | ০.০৬৩০ |
| ১২৭৯৩ (অংশ) | ০.০১৪৯ |
| ১২৭৯৪ (অংশ) | ০.০২০৭ |
| ১২৭৯৫ (অংশ) | ০.০০৫১ |
| ১২৮০৩ (অংশ) | ০.০০১৯ |
| ১২৮০৭ (অংশ) | ০.০০০৯ |
| ১২৮০৮ (অংশ) | ০.০৩৯২ |
| ১২৮০৯ (অংশ) | ০.০৪২৪ |
| ১২৮১০ (অংশ) | ০.০০৩৭ |
| **মোট** | **৩.৪১০৭ একর** |

৩। মৌজা: আমুলিয়া, জে. এল নং-৩৫, থানা: ডেমরা, জেলা: ঢাকা।

| সিটি দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৩৫ (অংশ) | ০.০২৭৫ |
| ৩৬ (অংশ) | ০.০৪৬৪ |
| ৩৭ (অংশ) | ০.০৬১৭ |
| **মোট** | **০.১৩৫৬ একর** |

**সারসংক্ষেপ**

| ক্রমিক নং | মৌজার নাম | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১ | মেরাদিয়া | ০.৩৫২৫ |
| ২ | নন্দীপাড়া | ৩.৪১০৭ |
| ৩ | আমুলিয়া | ০.১৩৫৬ |
| | **সর্বমোট =** | **৩.৮৯৮৮ একর** |

**লিটুস লরেন্স চিরান**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।**
**সংস্থাপন শাখা-১**

**অফিস আদেশাবলি**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.০৭.০০১৮.২৫.৪৬৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০ জুলাই ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০২.০০১.২৪.৩৪০ নম্বর প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে মিজ্ ফাতেমা তুজ জোহরা সানিয়া (১৮৭২৮) সিনিয়র সহকারী কমিশনার হিসেবে গত ২০ নভেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬ নভেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪.৪৪৯ নম্বর প্রজ্ঞাপনে বর্ণিত কর্মকর্তাকে উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ এ বদলিপূর্বক বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে ন্যস্ত করায় উক্ত পদে যোগদানের জন্য তাঁকে ২৭ নভেম্বর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। এ কার্যালয় হতে তাঁকে কোনো বেতন ভাতাদি প্রদান করা হয়নি।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

---

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/৩০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৬৫.০০০১.২০.৪৬৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬ নভেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪-৪৫৫ নম্বর স্মারকমূলে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নপূর্বক ন্যস্তকৃত বর্ণিত কর্মকর্তাগণ ৩০ নভেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন।

| ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | মিজ্ সেগুফ্তা মেহ্নাজ (১৮৬১০) | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত | উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি |
| ০২ | মিজ্ মোছাঃ মলিহা খানম (১৮৮২৩) | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত | উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনসহ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। যোগদানকৃত কর্মকর্তাগণকে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্য ৩০ নভেম্বর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। তাঁদেরকে এ কার্যালয় থেকে কোনো বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**কমিশনারের কার্যালয়**
**চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।**
**রাজস্ব শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪২.২০০০.০০০.০২১.২৮.০০০১.২৪.৯০৩**—ভূমি মন্ত্রণালয়ের ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫৬.১৯.০০০৭.২৫.২৭৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে চট্টগ্রাম বিভাগে ন্যস্তকৃত নিম্নবর্ণিত সহকারী কমিশনার (ভূমি) গণ-কে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত উপজেলা ভূমি অফিসে নির্দেশক্রমে পদায়ন করা হলো।

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | পদবি ও বর্তমান কর্মস্থল | যেখানে পদায়ন করা হলো |
|---|---|---|---|
| ০১ | মিজ সোহেলী নোশীন প্রত্যাশা (১৯৪০১)<br>নিজ জেলা: নেত্রকোণা<br>স্পাউসের জেলা: নরসিংদী | সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়নের লক্ষ্যে কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এ ন্যস্তকৃত | উপজেলা ভূমি অফিস, মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা |
| ০২ | জনাব মোহাম্মদ জিয়াউল হক (১৯৪১৭)<br>নিজ জেলা: নোয়াখালী<br>স্পাউসের জেলা: চট্টগ্রাম | সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়নের লক্ষ্যে কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এ ন্যস্তকৃত | উপজেলা ভূমি অফিস, রামগঞ্জ, লক্ষ্মীপুর |

২। বর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের কর্মস্থলের অধিক্ষেত্রের মধ্যে ভূমি বিষয়ক সরকারি পাওনাদি আদায়ের নিমিত্ত সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) প্রদান করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস এম অনীক চৌধুরী**
সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এল.এ. মামলা নং-০১/২০২৩-২০২৪**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭**

**[১৩(২) ধারা মোতাবেক]**

**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইবে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে মর্মে গণ্য হইয়াছে।

সেহেতু এক্ষণে উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি নিম্নস্বাক্ষরকারী ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**'তফসিল'**

জেলা-লক্ষ্মীপুর, উপজেলা-রামগঞ্জ, মৌজা-বিঘা, জে. এল. নং-০২

| খতিয়ান নং (আর এস) | দাগ নং (আর এস) | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|
| ১৬৬৯ | ১৫৩২ | নাল | নাল | ০.২৭ | ০.১১ (আংশিক) |
| ৫২৭ | ১৬৮৫ | নাল | নাল | ০.১৯ | ০.১৯ পূর্ণ |
| ৮৫৭ | ১৬৮৬ | নাল | নাল | ০.২০ | ০.২০ পূর্ণ |
| ৮৬১ | ১৬৮৭ | নাল | নাল | ০.১৪ | ০.১৪ পূর্ণ |
| ৭৮৭ | ১৬৮৮ | নাল | নাল | ০.১৩ | ০.১৩ পূর্ণ |
| ১৬৪১ | ১৬৯১ | নাল | নাল | ০.৬০ | ০.৬০ পূর্ণ |
| ১৩৫৪ | ১৬৯২ | নাল | নাল | ০.১০ | ০.১০ পূর্ণ |
| ২২২০ | ১৬৯৩ | নাল | নাল | ০.১০ | ০.১০ পূর্ণ |
| ১৫৩৯ | ১৬৯৪ | নাল | নাল | ০.৩১ | ০.৩১ পূর্ণ |
| ১৭৯০ | ১৬৯৫ | নাল | নাল | ০.১০ | ০.১০ পূর্ণ |
| ১২২৪ | ১৭০১ | নাল | নাল | ০.২৯ | ০.১৭ (আংশিক) |
| ১৫১০ | ১৭০২ | নাল | নাল | ০.৩৭ | ০.৩৭ পূর্ণ |
| ৮৬৭ | ১৭০৩ | নাল | নাল | ০.২৭ | ০.২৭ পূর্ণ |
| ১৩৯৪ | ১৭০৪ | নাল | নাল | ০.২৭ | ০.২৭ পূর্ণ |
| ৫৭৯ | ১৭০৫ | নাল | নাল | ০.১৪ | ০.১৪ পূর্ণ |
| ৮২২ | ১৭০৬ | নাল | নাল | ০.১৪ | ০.১৪ পূর্ণ |
| | | | | **সর্বমোট =** | **৩.৩৪ একর** |

মোট খতিয়ানের সংখ্যা: ১৬ টি। মোট দাগের সংখ্যা: ১৬।

মোট অধিগ্রহণকৃত জমির পরিমাণ=৩.৩৪ একর।

[বিস্তারিত দাগিসূচি ও ভূমি জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।]

**এস এম মেহেদী হাসান**
জেলা প্রশাসক।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৪৪০ (১-০৯)/২০২৫ এসসি (এডি)**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০৩.২৫৩.৯৩৫ নং জারীকৃত প্রজ্ঞাপন মূলে জনাব মোঃ হাসিবুল হোসেন কে যুগ্ম জেলা ও দায়রা জজ পদোন্নতি প্রদান করা হয়েছে । আবেদনক্রমে তাঁর যোগদানপত্র রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব (যুগ্ম জেলা ও দায়রা জজ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ পদে অদ্য ২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্ণে গৃহীত হলো।

আদেশক্রমে

**মুহাঃ হাসানুজ্জামান**
রেজিস্ট্রার।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৪৩৭(১-১০)/২০২৫ এসসি (এডি)**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০২.২৫.৯৩০ নং জারীকৃত প্রজ্ঞাপন মূলে অত্র কোর্টের আপীল বিভাগের ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ মাহমুদুল মোহসীনকে তার বর্তমান পদের দায়িত্বভার অদ্য ২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্ণে আপীল বিভাগের ডেপুটি রেজিস্ট্রার (বিচার ও সার্বিক) জনাব মোহাম্মদ মেহেদী হাসান এর নিকট অর্পণ করতঃ বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

নং **১৪৩৮(১-১১)/২০২৫ এসসি (এডি)**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.২৫.৯২৬ নং জারীকৃত প্রজ্ঞাপন মূলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব (আপিল বিভাগ) জনাব মোঃ শরীফুল আলম ভূঁঞাকে তার বর্তমান পদের দায়িত্বভার অদ্য ২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্ণে আপীল বিভাগের রেজিস্ট্রার জনাব মুহাঃ হাসানুজ্জামান এর নিকট অর্পণ করতঃ বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

নং **১৪৩৬(১-১১)/২০২৫ এসসি (এডি)**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.২৫.৯২৬ নং জারীকৃত প্রজ্ঞাপন মূলে অত্র কোর্টের আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার জনাব শেখ মোহাঃ আমীনুল ইসলামকে তার বর্তমান পদের দায়িত্বভার অদ্য ২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্ণে আপীল বিভাগের রেজিস্ট্রার জনাব মুহাঃ হাসানুজ্জামান এর নিকট অর্পণ করতঃ বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

আদেশক্রমে

**মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী**
রেজিস্ট্রার জেনারেল।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৪৩৯(১-০৯)/২০২৫ এসসি (এডি)**—আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৬ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০২.২৫.৯২৮ নং জারীকৃত প্রজ্ঞাপন মূলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণলয়, আইন ও বিচার বিভাগে সংযুক্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার হিসেবে কর্মরত (যুগ্ম জেলা জজ) জনাব মোঃ খালিদ হাসান খাঁন কে অদ্য ২৭ নভেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্ণে আপীল বিভাগে রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার পদ হতে অবমুক্ত করা হলো।

আদেশক্রমে

**মুহাঃ হাসানুজ্জামান**
রেজিস্ট্রার।

---

**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর**
**শাখা-২**

**গণ-বিজ্ঞপ্তি**

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৬.০৩.২৬০০.০০০.০০২.২২.০০২৬.২৫.২৫৮**—এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ম্যাক্সক্রিয়েট কনস্ট্রাকশন প্রোডাক্টস ঠিকানা: দাগ-২২৬, আলীর মোড়, উত্তর বাড্ডা, বাড্ডা, ঢাকা এর অনুকূলে এ দপ্তর হতে OLM এর মাধ্যমে জারীকৃত বাণিজ্যিক আইআরসি নং ২৬০৩২৬১১০২৩৬৪২১, তারিখ: ২৩-০৩-২০২১ খ্রিঃ প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর ১২ এবং ১৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিধান মোতাবেক উক্ত বাণিজ্যিক আইআরসি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং ২৬০৩২৬১১০২৩৬৪২১, তারিখ: ২৩-০৩-২০২১ খ্রিঃ এর মাধ্যমে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা আইনত দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে।

৩। অত্র গণ-বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগতভাবে কোনো দায়মুক্তি প্রদান করেনা এবং বাতিলকৃত আইআরসির বিপরীতে পূর্বের কোনো দায়-দেনা উত্থাপিত হলে তা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

**মোহাম্মদ সুমন মাহবুব**
সহকারী নিয়ন্ত্রক।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল**
**সংস্থাপন শাখা-১**

**অফিস আদেশ**

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৬৫.০০০১.২০.৪৬৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬ নভেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯. ০০৯.২৪-৪৫৫ নম্বর স্মারকমূলে উপজেলা নির্বাহী অফিসার পদে পদায়নপূর্বক ন্যস্তকৃত বর্ণিত কর্মকর্তাগণ ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন।

| ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | মিজ মোছা: ফরিদা সুলতানা (১৮৭০১) | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত | উপজেলা নির্বাহী অফিসার, দুমকি, পটুয়াখালী |
| ২ | মিজ্ রওজাতুন জান্নাত (১৮৮১৩) | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত | উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনসহ ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। যোগদানকৃত কর্মকর্তাগণকে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্য ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। তাঁদেরকে এ কার্যালয় থেকে কোন বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: 01-DEC-25

নং **আরজেএসসি/ডি,এন/17296**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, AMITY LIMITED [C-83608] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি,এন/17297**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Amity Construction Limited [C-139314] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তারিখ: 20-NOV-25

নং **আরজেএসসি/ডি,এন/17251**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Adnan Weaving Mills Ltd. [C-156560] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Khurshida Jahan**

Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।**

**সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/৬ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৬.০০০০.০০০.০০৪.১৯.০০২০.১৭.৭৬৫**—সহকারী কমিশনার হিসেবে সিলেট বিভাগে ন্যস্তকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/ পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | জনাব সিহাব বিন আমিন<br>পরিচিতি নম্বর: ৪১০০১৭৫ | কুমিল্লা | সহকারী কমিশনার (শিক্ষানবিশ) হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ ন্যস্ত | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট |

২। বর্ণিত কর্মকর্তা ৩০ অক্টোবর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাঁকে ০৬ নভেম্বর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

৩। জেলা প্রশাসক সুনামগঞ্জ-এর ০৪ নভেম্বর ২০২৫ তারিখের ৬৩৬ নম্বর পত্রের আলোকে সুনামগঞ্জ জেলার অবৈধ বালু উত্তোলন প্রতিরোধ, সীমান্ত এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং ইজারাকৃত এলাকার বাইরে বালু উত্তোলন প্রতিরোধে নির্বিঘ্নে নিয়মিত টাস্কফোর্স অভিযান পরিচালনার লক্ষ্যে বর্ণিত কর্মকর্তাকে আগামী ১০ নভেম্বর ২০২৫ হতে ২৭ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ-এ সংযুক্তি হিসেবে নিয়োজিত করা হলো। উল্লেখ্য, তাঁকে এ কার্যালয় থেকে কোনো বেতন-ভাতাদি পরিশোধ করা হয়নি।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উম্মে সালিক রুমাইয়া**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৬.০০০০.০০০.০০৪.১৯.০০২০.১৭.৭০২**—সিনিয়র সহকারী কমিশনার হিসেবে সিলেট বিভাগে ন্যস্তকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/ পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | জনাব সৈয়দ মুরাদ ইসলাম<br>পরিচিতি নম্বর: ১৮৮০৫ | মাদারীপুর | সিনিয়র সহকারী কমিশনার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ ন্যস্ত | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার |

২। বর্ণিত কর্মকর্তা ০৭ অক্টোবর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাঁকে ১৪ অক্টোবর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। উল্লেখ্য, তাঁকে এ কার্যালয় থেকে কোনো বেতন-ভাতাদি পরিশোধ করা হয়নি।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**উম্মে সালিক রুমাইয়া**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কোম্পানীগঞ্জ, সিলেট**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৬.৯১২৭.০১৪.৪৭.০৬৭.২৫.১১৭২**—যেহেতু সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন ০১নং পশ্চিম ইসলামপুর ইউনিয়নের সদস্য জনাব মো: দুলাল মিয়া দুলা (ওয়ার্ড নং-০৮) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪(৪) (খ) ও (জ) ধারার অপরাধ করায় একই আইনের ৩৪(৬) ধারা মোতাবেক তাঁকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখার ২৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৬.০০.৯১০০.০০০.০১৭.২৭.০০০৯৬.১৯-৭৬৮ নম্বর স্মারকে স্বীয় পদ হতে অপসারণ করা হয়;

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১) ও (২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ রবিন মিয়া, উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট এতদ্দ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন ০১নং পশ্চিম ইসলামপুর ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মো: দুলাল মিয়া দুলা (ওয়ার্ড নং-০৮) এর স্বীয় পদটি ২৯-০৯-২০২৫ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোহাম্মদ রবিন মিয়া**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।**
**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৫৫.০০০১.২২.৪৬৭**—বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না-দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো।

০১ জনাব মোঃ ফাহিম হাসান খান, পরিচিতি নম্বর-১৯৪১৯, সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত—সহকারী কমিশনার (ভূমি), মেহেন্দিগঞ্জ, বরিশাল।

০২ জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচিতি নম্বর-১৯৪১৯, সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত—সহকারী কমিশনার (ভূমি),দশমিনা, পটুয়াখালী।

২। বর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রে (উপজেলায়) ভূমি বিষয়ক সরকারি পাওনাদি আদায়ের নিমিত্ত The Public Demands Recovery Act, 1913 এর Section-3(3) মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তাগণ ৩০ নভেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন। বর্ণিত কর্মকর্তাকে অদ্য ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো। এ কার্যালয় হতে তাঁদেরকে কোনো বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আহসান হাবিব**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ**
**(প্রশাসন শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১০৪৪৮(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত নিম্নবর্ণিত ০২ (দুই) জন লাইব্রেরীয়ান এর চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫-এর অনুচ্ছেদ ৭ এর (১) উপ-অনুচ্ছেদ অনুযায়ী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বৎসর পূর্তিতে, কোনো টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রাপ্ত না হওয়ায় এবং তাদের চাকরির রেকর্ড সন্তোষজনক হওয়ায় নিম্নবর্ণিত শর্তে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৬,০০০—৩৮,৬৪০/- (১০ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২২,০০০—৫৩০৬০/- (৯ম গ্রেড) [জাতীয় বেতন স্কেল/২০১৫ এর (১০ম গ্রেড) হতে পরবর্তী উচ্চতর গ্রেডে ২২,০০০—৫৩০৬০/- (৯ম গ্রেড)] বেতন প্রদান করা হলো।

| ক্রঃ নং | নাম ও পদবি | লাইব্রেরীয়ান পদে যোগদানের তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল | বেতন রেজিষ্টার অনুযায়ী বর্তমান বেতন গ্রেড ও স্কেল | আবেদন মোতাবেক ১০ (দশ) বছর পূর্তির তারিখ | উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব নির্বাচিতা ঘোষ<br>লাইব্রেরীয়ান | ২৫-০৮-২০১৫<br>জাঃ বেঃ স্কেল/০৯<br>গ্রেড-১০<br>৮,০০০—১৬,৫৪০/- | জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-১০<br>১৬,০০০—৩৮,৬৪০/- | ২৪-০৮-২০২৫ | ২৫-০৮-২০২৫<br>জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-৯<br>২২,০০০—৫৩,০৬০/- |

| ক্রঃ নং | নাম ও পদবি | লাইব্রেরীয়ান পদে যোগদানের তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল | বেতন রেজিষ্টার অনুযায়ী বর্তমান বেতন গ্রেড ও স্কেল | আবেদন মোতাবেক ১০ (দশ) বছর পূর্তির তারিখ | উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ এবং বেতন গ্রেড ও স্কেল |
|---|---|---|---|---|---|
| ০২ | জনাব মোহাম্মদ আবদুল মোমেন<br>লাইব্রেরীয়ান | ২৫-০৮-২০১৫<br>জাঃ বেঃ স্কেল/০৯<br>গ্রেড-১০<br>৮,০০০—১৬,৫৪০/- | জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-১০<br>১৬,০০০—৩৮,৬৪০/- | ২৪-০৮-২০২৫ | ২৫-০৮-২০২৫<br>জাঃ বেঃ স্কেল/১৫<br>গ্রেড-৯<br>২২,০০০—৫৩,০৬০/- |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার (ভারঃ)।

---

## বিজ্ঞপ্তি

তারিখ : ১২ নভেম্বর ২০২৫ খ্রি.

নং **১০৫৮৬-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসার জনাব মুহাম্মদ সাইদুর রহমান-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০৮/২০২৫ (নথি নং $\frac{১\text{-ই}}{৪}$ কল-১৪/২০২৫/-এ আনীত অভিযোগের ভিত্তিতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৩ এর ১০(১) বিধি অনুযায়ী তাকে (বিজ্ঞপ্তি নং ৩৩৭-এ, তারিখঃ ০৪-০৮-২০২৫ খ্রি. মূলে) অত্র কোর্টের চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হয়।

অতঃপর বেঞ্চ অফিসার জনাব মুহাম্মদ সাইদুর রহমান এর গত ০৭-০৮-২০২৫ খ্রি. তারিখ উক্ত সাময়িকভাবে বরখাস্তের আদেশ হতে অব্যাহতি চেয়ে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের ১২-১১-২০২৫ খ্রি. তারিখের আদেশ মোতাবেক তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৮-২০২৫ নং বিভাগীয় মামলায় প্রদত্ত সাময়িক বরখাস্তকরণ (Suspend) আদেশ হতে অব্যাহতি প্রদান করে বর্ণিত বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর করে তার চাকুরি খতিয়ান বহিতে নোট করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

---

## অফিস আদেশ

তারিখ : ১২ নভেম্বর ২০২৫ খ্রি.

নং **১০৫৮৭-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা, জনাব মুহাম্মদ শহিদুল্লাহ এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২৫ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৩ এর ৪(১)(বি) বিধি অনুসারে তাঁর ০২ (দুই) বছরের জন্য বাৎসরিক বেতন বৃদ্ধি (Increment) স্থগিতের নির্দেশ প্রদান করে অত্র বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর করে তার চাকুরি খতিয়ান বহিতে নোট করা হোক।

আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১২ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১০৫৭৮-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত ০৩ (তিন) জন সহকারী বেঞ্চ অফিসার-কে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ২৩০০০-৫৫৪৭০/- টাকার (৮ম গ্রেড) বেতন স্কেলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসার পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতি প্রাপ্ত পদবি |
|---|---|---|
| ১. | জনাব আশরাফুল আলম, সহকারী বেঞ্চ অফিসার | বেঞ্চ অফিসার |
| ২. | জনাব মোঃ মজিবুর রহমান, সহকারী বেঞ্চ অফিসার | বেঞ্চ অফিসার |
| ৩. | জনাব জহিরুল ইসলাম, সহকারী বেঞ্চ অফিসার | বেঞ্চ অফিসার |

**শর্তাবলি**

১। পদোন্নতিপূর্বক উক্ত পদায়নের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭-এর ৬(১) (খ) এ বর্ণিত বিধানাবলি প্রযোজ্য হবে।

২। বেঞ্চ অফিসার পদে পদোন্নতি প্রাপ্ত হওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃপক্ষ কর্তৃক বদলিকৃত কর্মস্থলে নির্ধারিত সময়ে যোগদান না করলে সেক্ষেত্রে তাঁর পদোন্নতি বাতিল বলে গন্য হবে।

৩। সংশ্লিষ্ট কর্মকর্তাকে পদোন্নতিপ্রাপ্ত পদে আগামী ১৬-১১-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে যোগদানপত্র দাখিলের নির্দেশ প্রদান করা হলো।

তারিখ : ১৩ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১ই-৪৩০/২০১৭/১০৬০১-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত প্রশাসনিক কর্মকর্তাকে ২৩০০০-৫৫৪৭০/- টাকা বেতন স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কোর্ট কীপার পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ জহিরুল হক, প্রশাসনিক কর্মকর্তা | কোর্ট কীপার |

২। তাঁর উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬ (১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে থাকবে। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিশ-এর মেয়াদ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিশকালে তাঁর কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষ অসন্তোষজনক অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে মনে করেন তবে শিক্ষানবিশকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে পদোন্নতি প্রাপ্ত হয়েছেন সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

৩। এ পদোন্নতির আদেশ কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন**
রেজিস্ট্রার।

---

**[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৩ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১-এ-০৭/২২/১০৫৯১-এ**—মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সচিব (হাইকোর্ট বিভাগ), জনাব মোহাম্মদ গোলাম হোসেন- কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৪৩০০০-৬৯৮৫০/- টাকার স্কেলে (৫ম গ্রেড) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ডেপুটি রেজিস্ট্রার পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তাবলি :**

উক্ত পদোন্নতিমূলে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি- ৬(১)(খ), ৬(২)(খ) এবং ৬(৩) (খ) (২) বিধানাবলি প্রযোজ্য হবে।

এ পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

আদেশক্রমে

**মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী**
রেজিস্ট্রার জেনারেল।

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১৩ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১-এ-০৭/২২/১০৫৯১-এ**—মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সচিব (হাইকোর্ট বিভাগ), জনাব মোহাম্মদ গোলাম হোসেন-কে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৪৩০০০-৬৯৮৫০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ডেপুটি রেজিস্ট্রার পদে পদোন্নতিমূলে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তাবলি :**

উক্ত পদোন্নতিমূলে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি- ৬(১)(খ), ৬(২)(খ) এবং ৬(৩) (খ) (২) বিধানাবলি প্রযোজ্য হবে।

এ পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

তারিখ ২৭ কার্তিক ১৪৩২/১২ নভেম্বর ২০২৫

নং **১০৫৫২-এ**—বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার (বিচার) (জেলা ও দায়রা জজ) জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন-কে রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট পদে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত প্রেষণে নিয়োগ করেছেন।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ : ০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিঃ

নং **১-এ-০৪/৯২/১১৩৫৭-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসার জনাব মোঃ শহিদুল ইসলাম-কে পদোন্নতিমূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৩৫৫০০-৬৭০১০/- টাকার (৬ষ্ঠ গ্রেড) স্কেলে মাননীয় প্রধান বিচারপতির সচিব (হাইকোর্ট বিভাগ) পদে নিয়োগ প্রদান করা হলো :

আদেশক্রমে

**মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী**
রেজিস্ট্রার জেনারেল।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ৯ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং $\frac{\text{১ই}}{\text{২}}$ **কল-২১/২০২৫-১০৩৫১(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব ফেরদৌসী বেগম-এর জন্ম তারিখ ০৪-১০-১৯৬৬ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০৩-১০-২০২৫ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০৪-১০-২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৩-১০-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ৯ নভেম্বর ২০২৫ খ্রিঃ

নং $\frac{\text{১ই}}{\text{২}}$ **কল-২২/২০২৫-১০৩৫২(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোঃ শহিদুল ইসলাম খান-এর জন্ম তারিখ ১০-১১-১৯৬৬ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০৯-১১-২০২৫ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ১০-১১-২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৯-১১-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**ড. মোঃ আতিকুস সামাদ**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

---

## আপীল বিভাগ

### বিজ্ঞপ্তি

তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/৩০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : **বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার পদে যোগদানপত্র গ্রহণ প্রসঙ্গে।**

নং **১৪৫০ (১-১৬)/২০২৫ এসসি (এডি)**—সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২৭ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৬২৮/২০২৫ এ বিজ্ঞপ্তিমূলে অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জনাব সৈয়দ মোস্তফা রেজা নূর-কে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার পদে প্রেষণে নিয়োগ করা হয়েছে। ২৭ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার পদে তাঁর যোগদানপত্র মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক যথারীতি গৃহীত হয়েছে।

২। এ বিজ্ঞপ্তি জনস্বার্থে জারি করা হলো।

আদেশক্রমে

**মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী**
রেজিস্ট্রার জেনারেল।

---

### অফিস আদেশ

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৪৭৫(১-১৬)/২০২৫ এসসি (এডি)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৩ এর স্মারক নম্বর ১০.০০.০০০০.১২৭.১৯.০০২.২৫.৯৩০, তারিখ: ২৬ নভেম্বর, ২০২৫ খ্রি. মূলে পদোন্নতি এবং আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর স্মারক নম্বর ১০.০০.০০০০.০০০.১২৯.০০৩১.২৪.১৭৮৬, তারিখ: ৩০ নভেম্বর, ২০২৫ খ্রি. মূলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপিল বিভাগে 'রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার' পদে পদায়ন সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন এবং তাদের যোগদানপত্র দাখিলের প্রেক্ষিতে, নিম্নবর্ণিত ছকমতে ডান পার্শ্বস্থ বর্ণিত তারিখ ও সময় মতে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের 'রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার' পদে তাদের যোগদানপত্র যথারীতি গৃহীত হলো :

| ক্রঃ/নংঃ | নাম ও পদবি | যোগদানকৃত পদ ও বিভাগের নাম এবং তারিখ ও সময় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০১। | জনাব মোহাম্মদ নাঈম ফিরোজ<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>আপিল বিভাগ, ঢাকা।<br>০১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ (পূর্বাহ্নে) |
| ০২। | জনাব মোহাম্মদ মিল্লাত হোসেন<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |
| ০৩। | জনাব মুহাম্মদ সরওয়ার আলম<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |
| ০৪। | জনাব হাসান মোঃ আরিফুর রহমান<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |

| ক্রঃ/নংঃ | নাম ও পদবি | যোগদানকৃত পদ ও বিভাগের নাম এবং তারিখ ও সময় |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০৫। | জনাব নওরীন আক্তার কাঁকন<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |
| ০৬। | জনাব মোঃ আমিনুল ইসলাম<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |
| ০৭। | জনাব আবুল কালাম আজাদ<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |
| ০৮। | জনাব মোঃ নিয়াজ মাহমুদ<br>(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)<br>রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার | |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**সৈয়দ মোস্তফা রেজা নূর**
অতিরিক্ত রেজিস্ট্রার।

---

**জেলা জজশীপ, পঞ্চগড়**

**আদেশ**

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **জেজ/পঞ্চ/প্রশা:২০২৫-৩৯০(১৩)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৩ এর গত ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.২৫.৯২৬ নং প্রজ্ঞাপন মূলে জনাব হুসাইন মুহাম্মদ ফজলুল বারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়-কে পদোন্নতিমূলে বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, পঞ্চগড় হিসাবে বদলি করিয়া তাঁহার বর্তমান পদের কার্যভার অদ্য ২৭-১১-২০২৫ খ্রি. তারিখে অর্পণ পূর্বক অবিলম্বে তাঁহাকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশনা পাওয়া গেল। দেখিলাম। জনাব হুসাইন মুহাম্মদ ফজলুল বারী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, পঞ্চগড়-কে নির্দেশ মতে অদ্য ২৭-১১-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ণে নিম্নস্বাক্ষরকারীর নিকট তাঁহার আদালত ও দপ্তরের দায়িত্বভার অর্পণপূর্বক অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোহাঃ ইমদাদুল হক**
সিনিয়র জেলা ও দায়রা জজ।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ, তদন্ত ও মামলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ নভেম্বর ২৫

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.১১৭.২৩.১৩৭৬**—যেহেতু, জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ হিসেবে কর্মকালীন অভ্যন্তরীণ সাধারণ হিসাব নিরীক্ষা প্রতিবেদনের আপত্তি-০১ অনুযায়ী আমন ধান সংগ্রহ/২০২১-২২ মৌসুমে তাড়াশ এলএসডিতে সরকারি হিসাবযোগ্য রেকর্ড তথা খামাল কার্ড, গল, সেন্ট্রাল লেজারে ৪৭৪.০০০ মে. টন ব্যতীত আর কোনো প্রকারের আমন ধান সংগ্রহ না করা সত্ত্বেও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ এর পুনর্ভরণ ফান্ড রেজিস্টার, বিল পর্যালোচনায় আমন/২০২১-২২ মৌসুমে মোট ৬২৪.০০০ মে.টন আমন ধানের বিল পরিশোধ করা হয়। অর্থাৎ গুদামে সংগৃহীত অথবা রেকর্ডভুক্ত ধান অপেক্ষা অতিরিক্ত ১৫০.০০০ মে. টন ধানের পুর্নভরণ বিল পরিশোধ করা হয়। এতে সরকারের ৪০,৫০,০০০ (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়, যা দণ্ডমূলক দ্বিগুণহারে ৮১,০০,০০০ (একাশি লক্ষ) টাকা। তার নিকট হতে আদায়যোগ্য; এবং

২। যেহেতু, নিরীক্ষা প্রতিবেদনের আপত্তি-০২ অনুযায়ী উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর তাড়াশ হতে বিলের পরিশোধিত কমিশন বিলে অন্তর্ভুক্ত আমন ধান সংগ্রহ/২০২১-২২ মৌসুমে তাড়াশ এলএসডিতে জানুয়ারি/২২ মাসে ১৫০.০০০ মে. টন আমন ধান সংগ্রহ না হওয়া সত্ত্বেও পুনর্ভরণ বিল পরিশোধের উপর কমিশন (৩.০০০ মে. টন ধান কমিশন বিল দাখিল ব্যতীত ১৪৭.০০০ মে. টন এর উপর) পরিশোধে সরকারের ৩৯,৬৯০ (উনচল্লিশ হাজার ছয়শত নব্বই) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়, যা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৩। যেহেতু, অভ্যন্তরীণ সাধারণ হিসাব নিরীক্ষার প্রতিবেদনের আপত্তি নং-০১ ও ০২ অনুযায়ী তিনি নিজস্বার্থ চরিতার্থ, অসৎ উদ্দেশ্যে, অবৈধভাবে আর্থিক লাভবান হওয়ার জন্য এরূপ নিয়ম বহির্ভূত কাজ করেছেন। এজন্য উল্লিখিত পরিমাণ সরকারি ক্ষয়-ক্ষতির জন্য তিনি দায়ী। উল্লিখিত ক্ষতির মূল্য দণ্ডমূলক দ্বিগুণহারে (৩৯৬৯০×২)+৮১,০০,০০০=৮১,৭৯,৩৮০ (একাশি লক্ষ উনআশি হাজার তিনশত আশি) টাকা তার নিকট হতে আদায়যোগ্য; এবং

৪। যেহেতু, উপর্যুক্ত কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে খাদ্য অধিদপ্তরের ২৬-১১-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.১১৭.২৩.১০৩২ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। তিনি বিভাগীয় মামলার জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছা পোষণ করেন। তৎপ্রেক্ষিতে গত ১৬-০১-২০২৪ খ্রি. তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(ঘ) অনুযায়ী বর্ণিত অভিযোগ তদন্তের জন্য জনাব মোঃ হাসান আল নাঈম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা জনাব মোঃ হাসান আল নাঈম তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ অসাবধানতাবশত তার স্বাক্ষরে গুদামে সংগৃহীত ধান অপেক্ষা অতিরিক্ত ১৫০.০০০ মে. টন ধানের পুনর্ভরণ বিল পরিশোধ করেন। তিনি সতর্কতার সহিত দায়িত্ব পালন করলে এই ধরনের ঘটনা সংঘটিত হতো না। তবে তিনি নিজ স্বার্থ চরিতার্থে, অসৎ উদ্দেশ্য এবং আর্থিকভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে অভিযুক্ত কর্মচারী সরকারি আর্থিক ক্ষতি সংঘটিত করেননি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তার সুস্পষ্ট কর্তব্যে অবেহেলা ও অসতর্কতার কারণে এই ঘটনা সংঘটিত হয়েছে। অর্থাৎ, তার বিরুদ্ধে আনীত 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত না হলেও 'অসদাচরণ' এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে; এবং

৬। যেহেতু, জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগনামায় উল্লিখিত ৮১,৭৯,৩৮০ (একাশি লক্ষ ঊনআশি হাজার তিনশত আশি) টাকা আদায়সহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী তার বিরুদ্ধে কেন 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপ করা হবে না সে বিষয়ে খাদ্য অধিদপ্তরের ০৭-১১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.১১৭.২৩.৯৭৩ নং স্মারকে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন; এবং

৭। যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যায়, তদন্ত কর্মকর্তা কর্তৃক জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়েছে। তবে তার বিরুদ্ধে 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

৮। যেহেতু, জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

৯। সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আনীত বিভাগীয় মামলার ন্যায়বিচারের স্বার্থে নিম্নোক্তভাবে আদেশ প্রদান করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো :

(ক) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ এর (গ) অনুযায়ী তাকে ০১(এক) বছরের জন্য ' বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি বর্তমানে ৯ম গ্রেডভুক্ত কর্মচারী এবং ৩৪১৭০ টাকা মূল বেতন আহরণ করেন। বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিত হওয়ার পর তিনি ৯ম গ্রেডে ৩২৪৫০ টাকা মূল বেতন আহরণ করবেন। দণ্ডকালীন সময়ে তার বেতন বৃদ্ধি বন্ধ থাকবে এবং তিনি এ সময়ের কোনো বকেয়া প্রাপ্য হবেন না। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে দণ্ড পূর্ববর্তী ৯ম গ্রেডের ৩৪১৭০ টাকা মূল বেতন আহরণ করবেন।

(খ) অভিযুক্ত জনাব মোঃ ইয়াছিন আলী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চৌহালী, সিরাজগঞ্জ প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াশ, সিরাজগঞ্জ কর্তৃক অভিযোগনামায় বর্ণিত সরকারি ক্ষতির দণ্ডমূলক দ্বিগুনহারে ৮১,৭৯,৩৮০ (একাশি লক্ষ ঊনআশি হাজার তিনশত আশি) টাকার মধ্যে সরকারি ক্ষতির মূল অংশ অর্থাৎ ৪০,৮৯,৬৯০ (চল্লিশ লক্ষ ঊননব্বই হাজার ছয়শত নব্বই) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে মর্মে তার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেছেন। অভিযুক্তের বিরুদ্ধে 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি ক্ষতির দণ্ডমূলক অংশটি তার জন্য প্রযোজ্য হবে না।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবুল হাছানাত হুমায়ূন কবীর**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

---

**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা**
**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/১৭ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৫১১**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তা'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

জনাব রাজন চক্রবর্তী, সহকারী প্রকৌশলী (সিভিল) রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত: জনসংখ্যা প্রকল্প কোষ ইউনিট—সহকারী প্রকৌশলী (সিভিল), নোয়াখালী গণপূর্ত বিভাগ, নোয়াখালী।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৫১৩**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব এ. এস. এম. সাখাওয়াত ইসলাম, উপবিভাগীয় প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত উপ-বিভাগ-৬, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত উপ-বিভাগ-২, গাজীপুর।

২. জনাব তানজিনা আফরিন জাহান, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব) রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩. জনাব রিয়াদুস সালেহীন সাদী, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), তদন্ত কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), শেরেবাংলা নগর গণপূর্ত উপবিভাগ-৬, ঢাকা।

২। বদলিকৃত কর্মকর্তগণ'কে আগামী ২৬-১১-২০২৫ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তাঁরা ২৭-১১-২০২৫ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৫১৫**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব আশরাফ-উল আলম, উপ-বিভাগীয় প্রকৌশলী, বরিশাল গণপূর্ত উপ-বিভাগ, বরিশাল—উপ-বিভাগীয় প্রকৌশলী, মাদারীপুর গণপূর্ত উপ-বিভাগ, মাদারীপুর।

২. জনাব এম. কে. এম. নুরুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, ঠাকুরগাঁও গণপূর্ত উপ-বিভাগ-১, ঠাকুরগাঁও—উপ-বিভাগীয় প্রকৌশলী, পঞ্চগড় গণপূর্ত উপ-বিভাগ, পঞ্চগড়।

৩. জনাব মোঃ দেলওয়ার মাহাফুজ সোহাগ, উপ-বিভাগীয় প্রকৌশলী, ফুলবাড়ী গণপূর্ত উপ-বিভাগ, দিনাজপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর গণপূর্ত উপ-বিভাগ-১, দিনাজপুর।

৪. জনাব ইজাজ আহমেদ খান, উপ-বিভাগীয় প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত উপ-বিভাগ-২, গাজীপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত উপ-বিভাগ-৯, ঢাকা।

৫. জনাব মোঃ তানজিল ইসলাম ভূইয়া, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), চাঁদপুর গণপূর্ত উপ-বিভাগ, চাঁদপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ইডেন ভবন গণপূর্ত উপ-বিভাগ-১, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৫১৬**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব মোঃ রাজু মল্লিক, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মানিকগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-২, মানিকগঞ্জ—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মতিঝিল গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা।

২. জনাব মোঃ হাদিসুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বরগুনা গণপূর্ত উপ-বিভাগ, বরগুনা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বরিশাল গণপূর্ত মেডিকেল কলেজ উপ-বিভাগ, বরিশাল।

৩. জনাব মোঃ কামাল হোসেন হাং, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বরিশাল গণপূর্ত মেডিকেল কলেজ উপ-বিভাগ, বরিশাল—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ঝালকাঠি গণপূর্ত উপ-বিভাগ, ঝালকাঠি।

৪. জনাব মোহাম্মদ রেজাউল ইসলাম খান, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মতিঝিল গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), মানিকগঞ্জ গণপূর্ত উপ-বিভাগ-২, মানিকগঞ্জ।

বদলিকৃত কর্মকর্তগণ'কে আগামী ২৬-১১-২০২৫ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তাঁরা ২৭-১১-২০২৫ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩২/১৮ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৩.২৪-১৫২৫**—অত্র কার্যালয়ের ১৭-১১-২০২৫ তারিখের ২৫.৩৬.০০০০.২১৫.১৯. ১০৩.২৪-১৫১২ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে বদলিকৃত কর্মকর্তাগণের মধ্যে ক্রমিক নম্বর ০৪. জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বদলির আদেশ অনিবার্য কারণ বশতঃ স্থগিত করা হলো।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৩.২৪-১৫২৮**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত নির্বাহী প্রকৌশলী (সিভিল)' কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

জনাব উম্মে নায়ার সুলতানা, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্তঃ গণপূর্ত প্রকিউরমেন্ট ইউনিট—নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ডিজাইন) এর স্টাফ অফিসার, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪৩২/১৭ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৭.১১-১৫১০**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত নির্বাহী প্রকৌশলী (ই/এম)-কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো। একই সাথে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে **গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, চট্টগ্রাম** এর দায়িত্ব প্রদান করা হলো।

জনাব কাশেফ আমিনুর রহমান, নির্বাহী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম পিএন্ডডি বিভাগ, চট্টগ্রাম—নির্বাহী প্রকৌশলী (ই/এম), চট্টগ্রাম গণপূর্ত ই/এম পিএন্ডডি জোন, চট্টগ্রাম।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৩.২৪-১৫১২**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত নির্বাহী প্রকৌশলী (সিভিল)গণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ, নওগাঁ—নির্বাহী প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।

২. জনাব মোঃ আজমুল হক, নির্বাহী প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র) এর স্টাফ অফিসার, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩. জনাব মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্তঃ জনসংখ্যা প্রকল্প কোষ (পিপিসি) ইউনিট—নির্বাহী প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্তঃ গণপূর্ত উন্নয়ন উইং।

৪. জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী, রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, নওগাঁ গণপূর্ত বিভাগ, নওগাঁ।

৫. জনাব এস.এম. তৌহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, রাজবাড়ী গণপূর্ত বিভাগ, রাজবাড়ী।

৬. জনাব মোঃ আবিল আয়াম, নির্বাহী প্রকৌশলী, রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, ভোলা গণপূর্ত বিভাগ, ভোলা।

৭. জনাব মোঃ শহীদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্তঃ গণপূর্ত উন্নয়ন উইং—নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর গণপূর্ত বিভাগ, পিরোজপুর।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪.১৫১৪**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব মোঃ ইমরান বিন কালাম, উপ-বিভাগীয় প্রকৌশলী, রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত পেকু উপ-বিভাগ, ঢাকা।

২. জনাব কামরুন নাহার, উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত পেকু উপ-বিভাগ, ঢাকা। সংযুক্তঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তর—উপ-বিভাগীয় প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা, সংযুক্তঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তর।

৩. জনাব মোঃ আলী হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্তঃ গণপূর্ত প্রকিউরমেন্ট ইউনিট, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪.১৫১৫**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব আশরাফ-উল আলম, উপ-বিভাগীয় প্রকৌশলী, বরিশাল গণপূর্ত উপ-বিভাগ, বরিশাল—উপ-বিভাগীয় প্রকৌশলী, মাদারীপুর গণপূর্ত উপ-বিভাগ, মাদারীপুর।

২. জনাব এম. কে. এম. নুরুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, ঠাকুরগাঁও গণপূর্ত উপ-বিভাগ-১, ঠাকুরগাঁও—উপ-বিভাগীয় প্রকৌশলী, পঞ্চগড় গণপূর্ত উপ-বিভাগ, পঞ্চগড়।

৩. জনাব মোঃ দেলওয়ার মাহাফুজ সোহাগ, উপ-বিভাগীয় প্রকৌশলী, ফুলবাড়ী গণপূর্ত উপ-বিভাগ, দিনাজপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী, দিনাজপুর গণপূর্ত উপ-বিভাগ-১, দিনাজপুর।

৪. জনাব ইজাজ আহমেদ খান, উপ-বিভাগীয় প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত উপ-বিভাগ-২, গাজীপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত উপ-বিভাগ-৯, ঢাকা।

৫. জনাব মোঃ তানজিল ইসলাম ভূইয়া, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), চাঁদপুর গণপূর্ত উপ-বিভাগ, চাঁদপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ইডেন ভবন গণপূর্ত উপ-বিভাগ-১, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ অগ্রহায়ণ ১৪৩২/১৮ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪.১৫২৯**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তা'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

জনাব মোঃ মোফাজ্জল হোসেন, সহকারী প্রকৌশলী (সিভিল), ময়মনসিংহ গণপূর্ত সার্কেল, ময়মনসিংহ—সহকারী প্রকৌশলী (সিভিল), বরগুনা গণপূর্ত বিভাগ, বরগুনা।

২। বদলিকৃত কর্মকর্তা'কে আগামী ২০-১১-২০২৫ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর পূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তিনি ২৩-১১-২০২৫ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৩.২৪.১৫৩০**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত নির্বাহী প্রকৌশলী (সিভিল)গণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১। জনাব মোঃ জাহিদুল ইসলাম খান, নির্বাহী প্রকৌশলী, (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত: গণপূর্ত বিশেষ ডিজাইন ইউনিট, ঢাকা—নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ডিজাইন বিভাগ-৮, ঢাকা।

২। জনাব মোঃ কামরুল ইসলাম খান, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত: তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তর—নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সমন্বয়, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩। জনাব মোহাম্মদ ফতেহ আজম খান—নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত: গণপূর্ত বিশেষ ডিজাইন ইউনিট-২, ঢাকা—নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), গণপূর্ত ডিজাইন বিভাগ-৭, ঢাকা।

৪। জনাব এ. কে. এম তানভীর আহমেদ, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত: তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) এর দপ্তর—নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সমন্বয়, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪.১৫৩১**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব এ.বি.এম. আশরাফুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী, ময়মনসিংহ গণপূর্ত উপ-বিভাগ, ময়মনসিংহ—উপ-বিভাগীয় প্রকৌশলী, মিরপুর গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা।

২. জনাব উৎপল পোদ্দার, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ঢাকা গণপূর্ত উপ-বিভাগ-৩, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), চাঁদপুর গণপূর্ত উপ-বিভাগ, চাঁদপুর।

৩. জনাব আনোয়ার হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), শেরপুর গণপূর্ত উপ-বিভাগ, শেরপুর—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ময়মনসিংহ গণপূর্ত উপ-বিভাগ, ময়মনসিংহ।

৪. জনাব শেখ আরেফিন নূর, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ঝিনাইদহ গণপূর্ত উপ-বিভাগ, ঝিনাইদহ—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ঢাকা গণপূর্ত উপ-বিভাগ-৩, ঢাকা।

২। বদলিকৃত কর্মকর্তাগণ'কে আগামী ৩০-১১-২০২৫ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর পূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তাঁরা ০১-১২-২০২৫ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

**মোঃ খালেকুজ্জামান চৌধুরী**
**প্রধান প্রকৌশলী।**

---

**গণযোগাযোগ অধিদপ্তর**
**প্রশাসন-২ (পেনশন ও কল্যাণ) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

নং **১৫.৫৬.০০০০.০০০.০০৬.১৩.০০৪৮.২৪.৩৭৬**—গণযোগাযোগ অধিদপ্তরাধীন যশোর জেলা তথ্য অফিসের সহকারী তথ্য অফিসার, জনাব মোঃ মনিরুল বাশার-এর এস.এস.সি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ০১-০১-১৯৬৭। সে অনুযায়ী তাঁর বয়স ৩১-১২-২০২৫ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩ এর ১ (ক) উপধারা অনুযায়ী ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ৩১-১২-২০২৫ তারিখ তাঁকে সরকারি চাকুরি থেকে অবসর প্রদান করতঃ তাঁর অনুকূলে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১০ (২) (ক) উপধারা অনুযায়ী ০১-০১-২০২৬ থেকে ৩১-১২-২০২৬ খ্রি. পর্যন্ত গড়বেতনে ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

সহকারী তথ্য অফিসার, জনাব মোঃ মনিরুল বাশার এর অবসর উত্তর ছুটি মঞ্জুরের পর ১৮ (আঠারো) মাসের ছুটি প্রাপ্য থাকায় জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১০(২) (খ) উপধারা অনুযায়ী মূল বেতন ৩০,২৬০/- (ত্রিশ হাজার দুইশত ষাট) টাকা হারে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩০,২৬০×১৮) = ৫,৪৪,৬৮০/- (পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত আশি) টাকা লাম্পগ্রান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

লাম্পগ্রান্টের অর্থ গণযোগাযোগ অধিদপ্তরের ২০২৫-২৬ অর্থবছরের ১৩৩০৩০২০০০০০০-৩১১১১১০ ছুটি নগদায়ন বেতন (অফিসার) খাত হতে নির্বাহ হবে।

**মোঃ আবদুল জলিল**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)।

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

**তারিখ : 20-NOV-25**

**নং-আরজেএসসি/ডি, এন/17250**—কোম্পানি আইন, ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Axis Resources Limited [C-87250] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**KHURSHIDA JAHAN**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।**
**(এল এ শাখা)**
**এলএ কেস নং-০২/২০২৪-২৫**
**ঘোষণা**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি এলএ ০২/২০২৪-২৫ নং কেসে অধিগ্রহণ কার্যক্রম গ্রহণ করা হয় এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা অনুযায়ী উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা:-যশোর, উপজেলা: চৌগাছা, মৌজা: ইন্দ্রপুর, জে.এল নং ৩৫।

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | দাগে মোট জমির পরিমাণ (একর) | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|
| ১/১ | ৫৩ | ১.০০ | ০.৩৫ | আংশিক |
| ১/১ | ৫৪ | ১.৫৬ | ০.৬৫ | আংশিক |
| | | | মোট জমির পরিমাণ=১.০০ একর | |

**কমলেশ মজুমদার**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কিশোরগঞ্জ।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪৩২/৩০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **কি.স.উ.দা.বি.ফা./বোর্ড সদস্য-২৯/০৪-১১৮**—কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন রেজুলিউশন, ২০০৩ এর ৬(২) বিধি মতে কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কিশোরগঞ্জ পরিচালনা বোর্ড এর সদস্য হিসেবে আগামী ০২(দুই) বছরের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিগণকে মনোনয়ন প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম | সংশ্লিষ্ট গ্রাম সংগঠন | ইউনিয়ন | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো. মতিউর রহমান | নান্দলা উত্তর পাড়া (পুরুষ) | চৌদ্দশত | সভাপতি |
| ০২ | জনাব মো. লুৎফুর রহমান | জালিয়া পশ্চিম (পুরুষ) | কর্শাকড়িয়াইল | সভাপতি |
| ০৩ | জনাব মো. তোতা মিয়া | পাঁচধা পশ্চিম (পুরুষ) | মাইজখাপন | ম্যানেজার |
| ০৪ | জনাব মো. আবু বাক্কার সিদ্দিক | পাটাবুকা উত্তর (পুরুষ) | বিন্নাটি | ম্যানেজার |
| ০৫ | জনাব মোমেনা | পশ্চিম মধ্যপাড়া (মহিলা) | যশোদল | সদস্য |
| ০৬ | জনাব মো. ফজলুল হক | দক্ষিণ মারিয়া (পুরুষ) (১) | মারিয়া | সদস্য |

০২। কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন রেজুলিউশন, ২০০৩ এর ৬(২) বিধি মতে ফাউন্ডেশনের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের একজন ম্যানেজার পদের কর্মকর্তা হিসেবে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক কিশোরগঞ্জ অঞ্চলকে মনোনীত করা হলো।

৩। এ মনোনয়ন ০৩ ডিসেম্বর ২০২৭ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

**মোহাম্মদ আসলাম মোল্লা**
জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
ও
সহসভাপতি
কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন।

## যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

**বিজ্ঞপ্তি**

তারিখ : 25-NOV-25

**নং-আরজেএসসি/ডি, এন/17260**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Farazi Store Limited [KHC-2047] নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হলো এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**Md Rokib Ahmad Rony**
Deputy Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : 01-DEC-25

**নং-আরজেএসসি/ডি, এন/17296**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, AMITY LIMITED [C-83608] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**নং-আরজেএসসি/ডি, এন/17297**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Amity Construction Limited [C-139314] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Khurshida Jahan**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : 03-DEC-25

**নং-আরজেএসসি/ডি, এন/17298**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, PREMIUM BEVERAGE & FOOD LTD. [C-126057] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Ananta Kumar Paul**
Assistant Registrar
নিবন্ধকের পক্ষে।

## উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
## মুজিবনগর, মেহেরপুর।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০২৫ খ্রি.

নং **০৫.৪৪.৫৭৬০.০০০.০২০০৩.২৪-১০৪৫**—এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন ০১ নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব এ, এস. এম মাহবুব আলম চেয়ারম্যান পদ হতে অব্যাহতি চেয়ে ২৫-১১-২০২৫ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার নিম্ন স্বাক্ষরকারীর নিকট স্ব-ব্যাখ্যাত পদত্যাগপত্র দাখিল করেছেন। জনাব এ, এস. এম মাহবুব আলম, চেয়ারম্যান, ০১ নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩২(২) ধারা মোতাবেক নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হয়েছে এবং একই আইনের ৩৫(১)(ঙ) মোতাবেক উক্ত চেয়ারম্যানের পদ শূন্য হয়েছে।

এমতাবস্থায়, আমি পলাশ মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ধারা ৩৫(২)(১) মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে মুজিবনগর উপজেলাধীন ০১ নং দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ ২৫-১১-২০২৫ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**পলাশ মন্ডল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

## প্রধান প্রকৌশলীর কার্যালয়
## গণপূর্ত অধিদপ্তর
## সংস্থাপন শাখা-২।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪৩২/১৭ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৩/২১২**—নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) গণকে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), বরিশাল গণপূর্ত বিভাগ, বরিশাল—আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জনাব মোঃ আল আমীন এর স্থলে।

২। জনাব মোঃ আল আমীন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা—মানিকগঞ্জ গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর শূন্য পদে।

৩। জনাব মোহাম্মদ মাসুদুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা—নওগাঁ গণপূর্ত বিভাগ, নওগাঁ। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), (প্রাক্কলন শাখা) এর শূন্য পদে।

৪। জনাব মোঃ মামুনুর রশিদ, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), (চলতি দায়িত্ব), রাজশাহী গণপূর্ত বিভাগ-১, রাজশাহী—সিরাজগঞ্জ গণপূর্ত বিভাগ, সিরাজগঞ্জ। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), এর শূন্য পদে।

২। বদলিকৃত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) গণকে ২৪-১১-২০২৫ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ২৫-১১-২০২৫ তারিখে তারা 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

তারিখ : ০৩ অগ্রহায়ণ ১৪৩২/১৮ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০১.১৯/২১৭**—নিম্নোক্ত কর্মকর্তাগণকে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১। জনাব মল্লিক মোঃ ইমামুল হক, প্রশাসনিক কর্মকর্তা, গণপূর্ত ই/এম (পিএন্ডডি) জোন, ঢাকা—প্রশাসনিক কর্মকর্তা, খুলনা গণপূর্ত জোন,খুলনা।

২। জনাব মোঃ শফিউল আলম, প্রশাসনিক কর্মকর্তা, (চলতি দায়িত্ব),ঢাকা মেট্রোপলিটন জোন, ঢাকা (সংযুক্ত কল্যাণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলী দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা)—প্রশাসনিক কর্মকর্তা, (চলতি দায়িত্ব), গণপূর্ত ই/এম (পিএন্ডডি) জোন, ঢাকা।

৩। জনাব সার্মিন আকতার, কল্যাণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (সংযুক্ত খুলনা গণপূত জোন,খুলনা—কল্যাণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

বদলিকৃত কর্মকর্তাগণকে ২৬-১১-২০২৫ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ২৭-১১-২০২৫ তারিখে তারা 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

**মোঃ খালেকুজ্জামান চৌধুরী**
প্রধান প্রকৌশলী।

---

**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৫ অগ্রহায়ণ ১৪৩২/২০ নভেম্বর ২০২৫

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৩.২৪-১৫৪৯**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত নির্বাহী প্রকৌশলী (সিভিল)দ্বয়'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১। জনাব সা'দ মোহাম্মদ আন্দালিব, নির্বাহী প্রকৌশলী, ব্রাহ্মণবাড়ীয়া গণপূর্ত বিভাগ, ব্রাহ্মণবাড়ীয়া—নির্বাহী প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-৩, ঢাকা।

২। জনাব মোহাম্মদ নাহিদ পারভেজ, নির্বাহী প্রকৌশলী, মাগুরা গণপূর্ত বিভাগ, মাগুরা—নির্বাহী প্রকৌশলী, শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-১, ঢাকা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.৩৬.০০০০.২১৫.১৯.১০৪.২৪-১৫৫০**—বিসিএস (গণপূর্ত) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়'কে জনস্বার্থে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১. জনাব মোঃ মাসুদ পারভেজ, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), ভোলা গণপূর্ত উপ-বিভাগ, ভোলা— উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), আজিমপুর গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা।

২. জনাব মোঃ মিজানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), আজিমপুর গণপূর্ত উপ-বিভাগ-২, ঢাকা—উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), রিজার্ভ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২। বদলিকৃত কর্মকর্তাদ্বয়'কে আগামী ৩০-১১-২০২৫ তারিখের মধ্যে স্থানীয় ব্যবস্থায় বর্তমান কর্মস্থলের দায়িত্ব হস্তান্তর পূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় তাঁরা ০১-১২-২০২৫ তারিখ হতে 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত' হয়েছেন মর্মে গণ্য হবেন।

**মোঃ খালেকুজ্জামান চৌধুরী**
প্রধান প্রকৌশলী।

---

**মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ পৌষ ১৪৩২/১৭ ডিসেম্বর ২০২৫

নং **০৫.০৪.০০০০.০০৯.১২.০০২.১৭/২৬৭৭/২৬**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৪-১২-২০২৫ তারিখের ৮০.০০.০০০০.১১০.১২.০১৯.২৪-৩০১ নম্বর স্মারকের সুপারিশক্রমে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ শাখার ১৭-১২-২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১২০.১২.০০০৯.২৪-৩৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে এ অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১৬০০০—৩৮৬৪০/- টাকা স্কেলভুক্ত (গ্রেড-১০) ম্যানেজার পদে পদোন্নতি প্রদানপূর্বক তার নামের পার্শ্বে বর্ণিত অফিসে পদায়ন করা হলো:

| ক্রম | কর্মচারীর নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | যে পদে পদোন্নতি প্রদান করা হলো | যে পদে ও যে অফিসে পদায়ন করা হলো |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুল মাসুদ খান<br>উচ্চমান সহকারী<br>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর | ম্যানেজার (১০ম গ্রেড) | ম্যানেজার<br>মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর<br>প্রধান কার্যালয় |

২। উক্ত কর্মকর্তা অধিদপ্তরের বিদ্যমান নিয়োগ বিধিমালার ৬ নং বিধি মোতাবেক পদোন্নতিপ্রাপ্ত পদে ০১ বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। শিক্ষানবিসকালীন তার আচরণ ও কর্মের মান কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত বিধির আওতায় তাকে পূর্বতন পদে পদাবনত করতে পারবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু ফাহাদ মোঃ সোহাগ**
সহকারী পরিচালক (প্রশাসন-১)।